## আর্ন্তজাতিক ডাক সংক্রান্ত তথ্য IPS.POST এ এন্ট্রি (মোবাইলে) করার পদ্ধতি

**আইটেম বিলি** করার জন্য আইটেম অফিসে আসার পর প্রথমে রিসিভ (INBOUND RECEIVE) করতে হবে। এরপর বিলি হলে DELIVERY ও বিলি না হলে NON DELIVERY দেখাতে হবে।

**আইটেম বুকিং** করার জন্য OUTBOUND BOOKING দেখাতে হবে।


মোবাইলের **BPO_MAIL** সফটওয়্যারটি চালু করতে হবে। এরপর International সিলেক্ট করে ডানের চিত্র এর মতো মোবাইলের মাঝের বাটন চাপলে মূল মেনু চালু হবে।







**আইটেম রিসিভ** করার জন্য Inbound Receive এ গিয়ে মাঝের বড় বাটন চাপতে হবে। এরপর Identifier (বারকোড) ও পাসওয়ার্ড টাইপ করে মোবাইলের Receive এর নীচের বাটন চেপে আইটেম রিসিভ করতে হবে। আইটেম রিসিভ সম্পৃক্ত একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে।





**আইটেম ডেলিভারী** করার জন্য Inbound Delivery এ যেতে হবে। এরপর Identifier ও পাসওয়ার্ড টাইপ করে মোবাইলের Deliver এর নীচের বাটন চেপে আইটেম Delivery করতে হবে। আইটেম ডেলিভারী সম্পৃক্ত একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে।




**আইটেম ননডেলিভারী** করার জন্য Inbound Non Delivery এ যেতে হবে। এরপর Identifier দেয়ার পর ০২ সংখ্যার Reason (কারণ), ০১ অক্ষরের Measure ও পাসওয়ার্ড টাইপ করে মোবাইলের NonDeliver এর নীচের বাটন চেপে আইটেম NonDelivery করতে হবে। আইটেম ননডেলিভারী সম্পৃক্ত একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে।




**আইটেম বুকিং** করার জন্য Outbound Booking এ যেতে হবে। এরপর Identifier (এখানে শেষের BD দেয়ার প্রয়োজন হবেনা), ওজন,০২ অক্ষরের গন্তব্য দেশ, প্রেরকের মোবাইল নং ও পাসওয়ার্ড টাইপ করে মোবাইলের Book এর নীচের বাটন চেপে আইটেম Booking করতে হবে। আইটেমটি ইএমএস না হলে Ordinary বা Registered এবং পাঠানোর পথ (Air বা Surface) প্রয়োজন অনুযায়ী সিলেক্ট করতে হবে। সিলেক্ট করার জন্য মাঝের বড় বাটন চাপতে হবে। আইটেম বুকিং সম্পৃক্ত একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে।




**Last Report:** সর্বশেষ রিসিভ (Received), ডেলিভারী (Delivered), ননডেলিভারী (NonDelivered) বা বুকিং (Booked) দেখার জন্য Last Report এ যেতে হবে এবং প্রয়োজন অনুযায়ী অপশন সিলেক্ট করে পাসওয়ার্ড দিতে হবে ও Menu এর নীচের বাটনে চাপার পর মাঝের বড় বাটনে চাপতে হবে। সর্বশেষ কৃত কাজ সম্পৃক্ত একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে। এখানে My ID অপশনটি সিলেক্ট করলে শুধু এই মোবাইলের রিপোর্ট দেখাবে এবং All ID অপশনটি সিলেক্ট করলে সংশ্লিষ্ট অফিসের একাধিক মোবাইল/কম্পিউটারে কাজ করে থাকলে সর্বশেষ ব্যবহারকারীর রিপোর্ট দেখাবে।

**Range Report:** তারিখ অনুযায়ী সামারী রিপোর্ট (সংখ্যা) দেখার জন্য Range Report এ যেতে হবে। এখানে রিসিভ (Received), ডেলিভারী (Delivered), ননডেলিভারী (NonDelivered), বুকিং (Booked) ও রিসিভ করা হয়েছে কিন্তু ডেলিভারী বা ননডেলিভারী দেখানো হয়নি (Received_but_pending) রিপোর্ট দেখা যাবে। এখানে প্রয়োজন অনুযায়ী অপশন সিলেক্ট করার পর From লেখা ঘরগুলোতে ১ম তারিখের যথাক্রমে দিন, মাস ও বছর এবং To লেখা ঘরগুলোতে ২য় তারিখের যথাক্রমে দিন, মাস ও বছর দেয়ার পর পাসওয়ার্ড দিতে হবে ও Menu এর নীচের বাটনে চাপার পর মাঝের বড় বাটনে চাপতে হবে। এ সম্পৃক্ত একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে। এখানে My ID অপশনটি সিলেক্ট করলে শুধু এই মোবাইলের রিপোর্ট দেখাবে এবং All ID অপশনটি সিলেক্ট করলে সংশ্লিষ্ট অফিসের একাধিক মোবাইল/কম্পিউটারে কাজ করে থাকলে সকলের সামারী রিপোর্ট দেখাবে।



**Identifier Report:** এখানে আইটেমের বারকোড ও পাসওয়ার্ড দিয়ে Report এর নীচের বাটনে চাপতে হবে। সংশ্লিষ্ট অফিসে আইটেমটির ইভেন্ট সম্পর্কিত একটি এসএমএস মোবাইলে আসবে।

**Password Change:** পাসওয়ার্ড পরিবর্তন করার জন্য এই মেনুতে যাওয়ার পর ১ম ঘরে বর্তমান পাসওয়ার্ড ও পরের দুই ঘরে ৬ সংখ্যার নতুন পাসওয়ার্ড দুইবার দিতে হবে। এরপর Change Password এর নীচের বাটনে চেপে পাসওয়ার্ড পরিবর্তন করা যাবে। এ সম্পকৃত একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে। 123456 বা 654321 এ ধরনের পাসওয়ার্ড ব্যবহার করা যাবেনা।

## EMTS সার্ভিস এর মাধ্যমে MTO (Many to One) মোবাইলে এন্ট্রি করার পদ্ধতি

মোবাইলের BPO_EMTS সফটওয়্যারটি চালু করতে হবে। এরপর ISSUE MONEY ORDER সিলেক্ট থাকা অবস্থায় মাঝের বড় বাটন চাপতে হবে। এরপর Beneficiary Name এর ঘরে MTO company এর নাম দিতে হবে। এরপর Beneficiary Address এর ঘরে ঠিকানা দেয়া যেতে পারে। Beneficiary Contact No ও Bene. Contact (Confirm) এ দুটি ঘরে উক্ত কোম্পানীর জন্য প্রদত্ত MTO code দিতে হবে (MTO code সর্বনিম্ন চার সংখ্যা বা মোবাইল নম্বরও হতে পারে)। Sender Name এর ঘরে প্রেরক (কাস্টমার) এর নাম দিতে হবে। Sender Mobile No ও Sender Mobile (Confirm) এ দুটি ঘরে প্রেরকের মোবাইল নম্বর দিতে হবে। এরপর Req. Amount ও Req. Amount (Confirm) এ দুটি ঘরে প্রেরিত টাকা দিতে হবে। এরপর পাসওয়ার্ড টাইপ করে মোবাইলের Menu এর নীচের বাটন চেপে বড় বাটনে (Issue সিলেক্টেড অবস্থায়) একবার চাপতে হবে।







এরপর টাইপ করা তথ্য পরের পাতায় দেখাবে। তথ্য সঠিক থাকলে মোবাইলের Menu এর নীচের বাটন চেপে বড় বাটনে (Confirm সিলেক্টেড) একবার চাপতে হবে। সঠিকভাবে মানি অর্ডার ইস্যু হলে একটি এসএমএস উক্ত মোবাইলে চলে আসবে।




কলসেন্টার নাম্বারঃ EMTS: 02-9553983, 01929708607, 01930495239

SPEED_POST / IPS.POST (International Mail): 02-9569785, 01963620610